

ফরম পূরণের বিজ্ঞপ্তি
এম.এস-সি ইন সিএসই ২য় সেমিস্টার-২০১৫
শিক্ষাবর্ষ: ২০১৪-২০১৫

এতদ্বারা আই.এস.টির এম.এস-সি ইন সিএসই ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ২৩ জানুয়ারী ২০১৯ ইং তারিখ হতে ০৫ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখের মধ্যে এম.এস-সি ইন সিএসই ২য় সেমিস্টার ২০১৫ পরীক্ষার অনলাইনে ফরম উত্তোলন ও আই.এস.টিতে জমাদানের সময় নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে অনলাইনে পূরনকৃত ফরম হিসাব শাখায় জমাদানের পূর্বে হিসাব শাখা ও লাইব্রেরী সেকশন হতে যাবতীয় পাওনাদি পরিশোধ সাপেক্ষে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। উক্ত তারিখের পর কোন ক্রমেই ফরম পূরণ করতে পারবেনা।

ফরম পূরণের নির্দেশনাবলী:

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণ এবং কলেজে জমাদানের শেষ তারিখ: ২৩/০১/২০১৯ থেকে ০৫/০২/২০১৯ পর্যন্ত।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nubd.info/cse) form fill-up এ গিয়ে Apply to online form fill-up (for Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রি প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরনকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরনকৃত ফরমটিতে উপরের অংশে ক্লাশ রোল লিখে ১ কপি পাসপোর্ট সাইজে ছবি নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে নির্ধারিত ফি জমা দিয়ে হিসাব শাখা জমা দিতে হবে। ফরম পূরণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে পরিচালক/কোর্স কো-অর্ডিনেটর এর সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে। বকেয়া সংক্রান্ত কোন ধরনের সুপারিশ গ্রহনযোগ্য নয়।

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: থিসিস গ্রুপ: পরীক্ষার ফি ৪৬০০+ থিসিস মূল্যায়ন ফি ২০০০=৬৬০০/-

নন থিসিস গ্রুপ: পরীক্ষার ফি ৩৬০০+ প্রজেক্ট মূল্যায়ন ২০০০= ৫৬০০/- টাকা নগদ হিসাব শাখায় জমা দিতে হবে।

মান-উন্নয়ন পরীক্ষার ফি: থিসিস গ্রুপ: ৪০০০, নন থিসিস গ্রুপ: ৩০০০/- টাকা। ২০১৩-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা C, D এবং F গ্রেড প্রাপ্ত বিষয়ে এইবারেই মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে পরবর্তীতে তাদের আর কোন সুযোগ দেয়া হবেনা।

স্বাক্ষরিত//

(দ্বিতীয় ইয়াসমিন)

কোর্স কো-অর্ডিনেটর,

এম.এস-সি ইন সিএসই ২য় সেমিস্টার

আই.এস.টি।

কপি প্রেরণ:

- ১। পরিচালক, আই.এস.টি।
- ২। উপ-পরিচালক, আই.এস.টি।
- ৩। বিভাগীয় প্রধান, সিএসই বিভাগ
- ৪। কোর্স কো-অর্ডিনেটর
- ৫। চীফ প্রশাসনিক কর্মকর্তা, আই.এস.টি
- ৬। হিসাব শাখা, আই.এস.টি।
- ৭। লাইব্রেরী শাখা, আই.এস.টি।
- ৮। আই.এস.টি নোটিশ বোর্ড।
- ৯। সিনিয়র অফিস সহকারী (বিজ্ঞপ্তি আই.এস.টির ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হল)।